

বিষয় : সেবাপ্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাহীতাদের অবহিতকরণ সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন, ইউএলও, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।  
সভার তারিখ : ১৪/০৭/২০২২ খ্রি।  
সভার স্থান : উপজেলার প্রাণিসম্পদ দপ্তরের সভা কক্ষ।  
সময় : বেলা ০২.০০ ঘটিকা।

**সভার উপস্থিতি পরিশিষ্ট - “ক” দ্রষ্টব্য।**

সভার শুরুতে সভাপতি অংশগ্রহনকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি বলেন, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর যে সকল সেবা প্রদান করে থাকে তা সিটিজেন চার্টার বা সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী প্রদান করা হচ্ছে কিনা সেটি নিয়ে আলোচনা করার নিমিত্তে সভার আয়োজন করা হয়েছে।

এ বিষয়ে অত্র দপ্তরের ভেটেরিনারি সার্জন কে দপ্তরের সিটিজেন চার্টার উপস্থাপন করার জন্য আহ্বান করা হয়। সে প্রেক্ষিতে বর্ণিত কর্মকর্তা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লার সেবা প্রদান প্রতিশ্রুতি উপস্থাপন করেন। তিনি বলেন অত্র দপ্তর হতে ১১ ধরনের নাগরিক সেবা, ২ ধরনের দাপ্তরিক সেবা এবং ৪ ধরনের অভ্যন্তরীণ সেবা প্রদান করা হয়ে থাকে। উক্ত সেবা প্রদানে কি কি ডকুমেন্ট প্রয়োজন হয় এবং কত সময়ের মধ্যে সেবা প্রদান করা হয় তা উপস্থাপন করা হয়।

অত্র দপ্তরের সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রধান সেবা গ্রহণ ইত্যাদি বিষয়ে উপস্থিত সদস্যদের সাথে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১. সিটিজেন চার্টার এ বর্ণিত সময়ের মধ্যে সেবা প্রদান নিশ্চিত করতে হবে।
২. মন্ত্রীপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সিটিজেন চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
৩. সিটিজেন চার্টারে বর্ণিত নিয়ম অনুযায়ী সেবা প্রদান করা হচ্ছে কিনা তা ত্রৈমাসিক ভিত্তিতে ১ বার পরিবীক্ষণ করতে হবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৭/২০২২

ডা. মোহাম্মদ ইসমাইল হোসেন  
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

তারিখঃ ১৪/০৭/২০২২ খ্রি.

স্মারক নং-৩৩.০১.১৯৩৩.০০০.০৬.০০৯.২২.১৪৮

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ০২। সংশ্লিষ্ট নথি।